

ছয় বছরে খারাপ ফল

রাজশাহী বোর্ডে পাসের হার কমেছে : বেড়েছে জিপিএ-৫

রাজশাহী ব্যুরো

২০১৬ সালের এইচএসসি পরীক্ষার ফলাফলে রাজশাহী শিক্ষা বোর্ডে পাসের হার কমেছে। তবে বেড়েছে জিপিএ-৫ প্রাপ্ত শিক্ষার্থীর সংখ্যা। বৃহস্পতিবার দুপুরে রাজশাহী মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের সভাকক্ষে সংবাদ সম্মেলন করে পরীক্ষা নিয়ন্ত্রক অধ্যাপক সামসুল কালাম আজাদ এসব তথ্য জানান।

তিনি জানান, রাজশাহী শিক্ষা বোর্ডে এবার পাসের হার ৭৫ দশমিক ৪০ শতাংশ।

২০১১ সালের পর রাজশাহী বোর্ডে পাসের হার এবারই সর্বনিম্ন।

এবারের এইচএসসির ফলাফলে রাজশাহী বোর্ডে পাসের হার কমলেও বেড়েছে জিপিএ-৫ প্রাপ্ত শিক্ষার্থীর সংখ্যা। বোর্ডের আট জেলায় এবার ছয় হাজার ৭৩ জন শিক্ষার্থী জিপিএ-৫ পেয়েছে। ২০১৫ সালে জিপিএ-৫ প্রাপ্ত শিক্ষার্থীর সংখ্যা ছিল পাঁচ হাজার ২৫০ জন। অবশ্য এর আগের বছর জিপিএ-৫ পেয়েছিল সাত হাজার ৬৬৬ জন। সংবাদ সম্মেলনে জানানো হয়, ২০১৬ সালের এইচএসসি পরীক্ষায় রাজশাহী শিক্ষা বোর্ডের অধীন ৭১৫টি কলেজের মোট পরীক্ষার্থীর সংখ্যা ছিল এক লাখ ১৭ হাজার ৭৯৪ জন। এর মধ্যে পাস করেছে ৮৭ হাজার ৩০১ জন। গত বছরের তুলনায় এবার ছাত্র এবং ছাত্রী উভয়েরই

■ পৃষ্ঠা ৭ : কলাম ৪

রাজশাহী বোর্ডে পাসের হার

(৩য় পৃষ্ঠার পর)

পাসের হার কমেছে। রাজশাহী শিক্ষা বোর্ডের অধীনে এবার মোট ১৯ জন প্রতিবন্ধী পরীক্ষার্থী পরীক্ষা দেয়। এর মধ্যে দৃষ্টি প্রতিবন্ধী ১১ জন এবং শারীরিক প্রতিবন্ধী আটজন। শারীরিক প্রতিবন্ধী আটজনই পাস করেছে। আর ১১ জন দৃষ্টি প্রতিবন্ধীর মধ্যে পাস করেছে ৯ জন। সিরাজগঞ্জ সেন্ট্রাল কলেজের টেট কলেজের দৃষ্টি প্রতিবন্ধী শিক্ষার্থী মোল্লা আবু শামীম পেয়েছে জিপিএ-৫।

এ বছর বহিষ্কৃত পরীক্ষার্থীর সংখ্যা ২১ জন। অকৃতকার্য পরীক্ষার্থীর সংখ্যা ১৭ হাজার ১১৩ জন। পরীক্ষা কেন্দ্রের সংখ্যা ছিল ১৮৬টি। বোর্ডে এবার ১৮টি কলেজের শতভাগ শিক্ষার্থী পাস করেছে। তবে কেউ পাস করেনি বোর্ডের আটটি কলেজে।

সংবাদ সম্মেলনে বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক সামসুল কালাম আজাদ বলেন, রাজশাহী শিক্ষা বোর্ডে এবার কেন্দ্র পাসের হার কমেছে তা খতিয়ে দেখা হবে। আর আগামীতে পাসের হার এবং ফলাফল যেন ভালো হয় সে জন্য কলেজগুলোকে প্রয়োজনীয় দিকনির্দেশনা দেয়া হবে।

ছয় বছরে খারাপ ফল : বিগত ছয় বছরের মধ্যে সবচেয়ে কম পাসের হার রাজশাহী শিক্ষা বোর্ডের। এমন পাসের হার নিয়েও দেশের দ্বিতীয় সেরা হয়েছে এ শিক্ষা বোর্ড। এরাতে রাজশাহী শিক্ষা বোর্ড থেকে এইচএসসি পরীক্ষায় পাসের হার ৭৫ দশমিক ৪০ শতাংশ। বিগত ছয় বছরের সবচেয়ে খারাপ ফলাফল এটি।

রাজশাহী শিক্ষা বোর্ডে ২০১৫ সালে ৭৭ দশমিক ৫৪ শতাংশ, ২০১৪ সালে ৭৮ দশমিক ৫৫ শতাংশ, ২০১৩ সালে ৭৭ দশমিক ৪৪ শতাংশ, ২০১২ সালে ৭৮ দশমিক ৪৪ শতাংশ, ২০১১ সালে ৭৯ দশমিক ০১ শতাংশ ও ২০১০ সালে এইচএসসিতে পাসের হার ছিল ৭৫ দশমিক ৪৩ শতাংশ।